



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ভলিবল ও ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২৪-২০২৫ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১২ জানুয়ারি ২০২৫খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ ভলিবল ও ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২৪-২০২৫। ১২ জানুয়ারি ২০২৫ তারিখ সকাল ১০:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলুন ও ফেট্বল উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শূচিতা শরমিন। এসময় উপাচার্য মহোদয় বলেন, খেলাধুলা প্রতিটি শিক্ষার্থীর জন্য অত্যন্ত জরুরী একটা বিষয়। খেলাধুলার মাধ্যমে আমরা সময়ানুবর্তিতা ও নিয়মানুবর্তিতা শিখতে পারি। আমাদের চারপাশে ড্রাগসহ নানা খারাপ বিষয় রয়েছে। খেলাধুলা এ সকল খারাপ বিষয় থেকে দূরে থাকতে সহায়তা করে। আমাদের শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক সুস্থতা নিশ্চিত এ ধরনের টুর্নামেন্ট আয়োজনের কোন বিকল্প নেই। এসময় উপাচার্য মহোদয় খেলাধুলাসহ যেকোন সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করেন। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. গোলাম রব্বানি এবং ট্রেজারার প্রফেসর ড. মোঃ মামুন অর রশিদ। স্বাগত বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক ড. লোকমান হোসেন। শারীরিক শিক্ষা দপ্তরের উপ-পরিচালক সেলিনা বেগমের সঞ্চালনায় অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, প্রক্টর, পরিচালক, শিক্ষকমন্ডলী, সহকারী প্রক্টর, শিক্ষার্থীবৃন্দ, দপ্তর প্রধানসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা উপস্থিত ছিলেন। টুর্নামেন্টের উদ্বোধনী পর্বে ইতিহাস ও পদার্থবিজ্ঞান বিভাগের মধ্যে ভলিবল খেলা অনুষ্ঠিত হয়। এবারের আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতার ছাত্র ইভেন্টে ২৩টি বিভাগ ও ছাত্রী ইভেন্টে ৫ টি বিভাগ অংশগ্রহণ করবে এবং ব্যাডমিন্টন প্রতিযোগিতার ছাত্র ইভেন্টে ২৩টি বিভাগ ও ছাত্রী ইভেন্টে ২২ টি বিভাগ অংশগ্রহণ করবে। এবারের আন্তঃবিভাগ ভলিবল ও ব্যাডমিন্টন টুর্নামেন্ট মোট ৪৬টি ম্যাচ অনুষ্ঠিত হবে এবং আগামী ১৬ জানুয়ারি এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়